

AmaKri প্রতিবেদন

অক্টোবর ২০০৯

tb̄sc̄i enb ḡš̄ k̄vRvn̄b L̄tbi wePvi eimf̄ n̄Z̄ v̄K̄E m̄p̄úK̄ ē3̄tē AmaKri i D̄t̄M
 inhēZ Zvn̄xi t̄K̄ w̄b̄l × K̄ivq AmaKri i w̄b̄`v I D̄t̄M
 i vē t̄ndvR̄t̄Z mvsew̄ K̄ w̄bh̄Z̄b
 j̄ m̄p̄út̄cv̄ m̄`m̄t̄` i lci ivók̄ w̄bcxob
 wi gv̄t̄U w̄b̄t̄q w̄bh̄Z̄t̄bi NUbv Aēvn̄Z
 wēt̄ t̄ni NUbvq Awf̄h̄p̄ wēWAvi m̄`m̄t̄` i wēPvt̄i i wēt̄q AvBbḡš̄i ē3̄tē AmaKri D̄t̄Mœ
 i vR̄%w̄ZK Q̄t̄Qv̄vq al̄P̄Yi NUbv
 %Zix t̄cv̄vK̄ w̄k̄i c̄Z̄v̄t̄b k̄lgK̄t̄` i cw̄i w̄v̄Z

AmaKri নাগরিক, রাজনৈতিক, অর্থনৈতিক, সামাজিক ও সাংস্কৃতিক অধিকার রক্ষার্থে কাজ করছে এবং তার কাজের অংশ হিসেবে বাংলাদেশের মানবাধিকার পরিস্থিতি পর্যবেক্ষণ করছে। এরই ধারাবাহিকতায় এই প্রতিবেদনে চলতি বছরের অক্টোবর মাসের মানবাধিকার পরিস্থিতি তুলে ধরা হয়েছে।

tb̄sc̄i enb ḡš̄ k̄vRvn̄b L̄tbi wePvi eimf̄ n̄Z̄ v̄K̄E m̄p̄úK̄ ē3̄tē AmaKri Gi D̄t̄M

1. নৌপরিবহন মন্ত্রী শাজাহান খান গত ৩ অক্টোবর বঙ্গবন্ধু আন্তর্জাতিক কনভেনশন সেন্টারে বিবিসি বাংলাদেশ সংলাপে বলেন, ‘সন্ত্রাসীদের কোনোভাবে দমন করা যাচ্ছে না বলে বিচারবহির্ভূত হত্যাকাণ্ড বা ক্রসফায়ারের ঘটনা ঘটছে। সন্ত্রাস বদ্দের বিকল্প পদ্ধা হিসেবে বিচারবহির্ভূত হত্যাকাণ্ডের ঘটনা ঘটছে। এক সময় এমনিই সন্ত্রাস বন্ধ হয়ে যাবে। তখন আর বিচারবহির্ভূত হত্যাকাণ্ডের প্রয়োজন হবে না’। নৌপরিবহন মন্ত্রী গত ৮ অক্টোবর নারায়ণগঞ্জের ফতুল্লায় বলেছেন, ‘দেশে শান্তি প্রতিষ্ঠার জন্য এনকাউন্টারে কোন সন্ত্রাসী নিহত হলে তাতে মানবাধিকার লজ্জিত হয় না। বর্তমানে এনকাউন্টারের কারণেই চাঁদাবাজি ও সন্ত্রাস বন্ধ রয়েছে।’^১
2. গত ৯ সেপ্টেম্বর ঢাকার রামপুরায় র্যাবের ক্রসফায়ারে নিহত কায়সার মাহমুদ বাঙ্গীর মা আছিয়া আক্তার গত ২০ অক্টোবর ২০০৯ ঢাকা ক্রাইম রিপোর্টার্স অ্যাসোসিয়েশনে এক সংবাদ সম্মেলনের আয়োজন করেন। বন্দুক যুদ্ধের নামে তাঁর অভিনেতা ছেলে কায়সার মাহমুদ বাঙ্গীকে সন্ত্রাসী কামরুল ইসলাম বাঙ্গী বানিয়ে র্যাব হত্যা করেছে বলে সংবাদ সম্মেলনে অভিযোগ করেন বাঙ্গীর মা আছিয়া আক্তার।
3. *AmaKri* মনে করে সরকারের দায়িত্বশীল মন্ত্রীরদের এ ধরনের বক্তব্য বিচারবহির্ভূত হত্যাকাণ্ডের ঘটনাগুলোকে বৈধতা দিচ্ছে। ফলে ক্রসফায়ার, এনকাউন্টার, বন্দুকযুদ্ধের নামে বিচারবহির্ভূত হত্যাকাণ্ড ঘটেই চলেছে।
4. মন্ত্রিদের বক্তব্যের কারণে *AmaKri* আশংকা করছে যে, সরকার আইনী প্রক্রিয়ার বাইরে বিনা বিচারে নাগরিকদের হত্যা করাকে এখন নীতি হিসাবে গ্রহণ করেছে। *AmaKri* বাংলাদেশের মানবাধিকার পরিস্থিতির এই বিপজ্জনক অবনতির জন্য গভীরভাবে উদ্বিগ্ন। বাংলাদেশ সংবিধানের মৌলিক অধিকার ভাগের ৩১নং অনুচ্ছেদে সুস্পষ্টভাবে বলে যে, ‘আইনের আশ্রয়লাভ এবং আইন অনুযায়ী ও কেবল আইন অনুযায়ী ব্যবহারলাভ যে কোন স্থানে অবস্থানরত প্রত্যেক নাগরিকের এবং সাময়িকভাবে বাংলাদেশে অবস্থানরত অপরাপর ব্যক্তির অধিকার এবং বিশেষত: আইনানুযায়ী ব্যতীত এমন কোন ব্যবস্থা গ্রহণ করা যাইবে না, যাহাতে কোন ব্যক্তির জীবন, স্বাধীনতা, দেহ, সুনাম বা সম্পত্তির হানি ঘটে’।

^১ সূত্র: যায়বায়দিন ০৮.১০.২০০৯

^২ সূত্র: পথম আলো ০৯.১০.২০০৯

তাছাড়া অনুচ্ছেদ ৩২-এ পরিকারভাবে বলা হয়েছে যে, ‘আইনানুযায়ী ব্যতীত জীবন ও ব্যক্তিস্বাধীনতা হইতে কোন ব্যক্তিকে বঞ্চিত করা যাইবেনা’। মন্ত্রিদের মন্তব্য বিচার বর্তিভূত হত্যার জন্য আইন শৃঙ্খলা বাহিনীকে সংবিধান বিরোধী কর্মকাণ্ডে প্রত্যক্ষভাবে উৎসাহিত করছে। হত্যার রেওয়াজকে রাজনৈতিক বৈধতা দেবার এই চেষ্টা অত্যন্ত নিন্দনীয়। *Allakvi* মন্ত্রিদের সংবিধান বিরোধী বক্তব্য ও তৎপরতার তীব্র নিন্দা জানাচ্ছে।

5. অক্টোবর মাসে ২৮ জন বিচারবহীভূত হত্যাকাণ্ডের শিকার হয়েছেন। এর মধ্যে র্যাব কর্তৃক ৬ জন, পুলিশ কর্তৃক ১৮ জন, ঘোথভাবে র্যাব-পুলিশ কর্তৃক ৪ জন নিহত হয়েছেন বলে অভিযোগ রয়েছে। উক্ত ২৮ জনের মধ্যে ৫ জন আইন প্রয়োগকারী সংস্থার হেফাজতে থাকাকালে মারা গেছেন।

gZii aibt

6. এই বিচারবহীভূত হত্যাকাণ্ডে ২৬ জনই “ক্রসফায়ার/ এনকাউন্টার/ বন্দুক যুদ্ধে” এবং ২ জন নির্যাতনে মারা গেছেন বলে অভিযোগ রয়েছে।

ibnZf` i cwi Pqt

7. নিহত উক্ত ২৮ জনের মধ্যে ৫ জন পূর্ব বাংলার কমিউনিস্ট পার্টির (জনযুদ্ধ) সদস্য, ১ জন পূর্ব বাংলার কমিউনিস্ট পার্টির সদস্য, ১ জন সর্বহারা পার্টির সদস্য, ১ জন নিউ বিপ্লবী কমিউনিস্ট পার্টির সদস্য, ১ জন বিপ্লবী কমিউনিস্ট পার্টির সদস্য, ৫ জন গণমুক্তি ফৌজের সদস্য, ১ জন গণবাহিনীর সদস্য, ১ জন মুক্তিযোদ্ধা, ১ জন কথিত মাদক ব্যবসায়ী, ২ জন ডাকাত এবং ৭ জন কথিত অপরাধী।

lnheYZ Zvn&xitK ibwl x Kivq Allakvi i ib`v | DfOM

8. হিজুত তাহরীর, বাংলাদেশ-এর সব ধরনের কার্যক্রম নিষিদ্ধ করেছে সরকার। গত ২২ অক্টোবর স্বরাষ্ট্র মন্ত্রাণালয়ের যুগ্ম সচিব (রাজনৈতিক) ড. মো. কামাল উদ্দিন স্বাক্ষরিত এক প্রেস নোটের মাধ্যমে সংগঠনটিকে নিষিদ্ধ করার কথা জানানো হয়। প্রেস নোটে বলা হয়, জননিরাপত্তার জন্য তুমকি বলে বিবেচিত হওয়ায় সরকার ১০ অক্টোবর থেকে হিজুত তাহরীর, বাংলাদেশ নামের সংগঠনটি নিষিদ্ধ করেছে।

9. হিজুত তাহরীর-এর বিভিন্ন লিখিত ও সভা সমিতির বক্তব্যে সংগঠনটি বারবারই সন্ত্রাসী কর্মকাণ্ডের নিন্দা করে এসেছে এবং শাস্তিপূর্ণভাবে বাংলাদেশের সংবিধানে প্রদত্ত মৌলিক মানবাধিকারের ভিত্তিতে তাদের চিন্তা ও মত প্রচারের দাবী করেছে। আন্তর্জাতিক, আধ্যাত্মিক এবং বাংলাদেশের অভ্যন্তরীণ রাজনৈতিক পরিস্থিতিতে রাষ্ট্র ও সরকার যদি চিন্তা ও মত প্রকাশের স্বাধীনতাকে রূপ্ত করে, তবে তা সমাজে ব্যাপক অস্থিরতা ও অসহনশীলতার কারণ হয়ে উঠবে।

10. অধিকার প্রতিটি নাগরিক ও রাজনৈতিক দলের চিন্তা ও রাজনৈতিক মত প্রকাশের স্বাধীনতায় বিশ্বাস করে, বিশেষত: যে সব রাজনৈতিক দল নিজেদের বক্তব্য ও কর্মকাণ্ডের মাধ্যমে শাস্তিপূর্ণভাবে নিজেদের মত প্রচার করে এসেছে। হিজুত তাহরীরকে নিষিদ্ধ করার মধ্যে দিয়ে সরকার তাদের নিয়মতাত্ত্বিক ও শাস্তি পূর্ণ রাজনৈতিক কার্যকলাপের সঙ্গে অসংগতিপূর্ণ কোন কাজের প্রমাণ সুনির্দিষ্টভাবে উত্থাপন না করে নিজেদের অগণতাত্ত্বিক চরিত্রই সরকার প্রকাশ করেছে ও নাগরিকদের মৌলিক মানবাধিকারের বিরুদ্ধে অবস্থান নিয়েছে।

11. সংবিধানের ৩৭ ও ৩৮ অনুচ্ছেদে সমাবেশ ও সংগঠনের স্বাধীনতার নিশ্চয়তা দেয়া হয়েছে। অন্যদিকে সংবিধানের ৩৯ অনুচ্ছেদে চিন্তা, বিবেক ও বাকস্বাধীনতার নিশ্চয়তা দেয়া হয়েছে। কোন ধরনের সহিংসতা কিংবা রাষ্ট্রবিরোধী কার্যকলাপে সংশ্লিষ্টতার প্রমাণ না থাকার পরও সংগঠনটিকে নিষিদ্ধ করার মাধ্যমে সরকার সংবিধানকে লঙ্ঘন করেছে।

12. *Allakvi* মনে করিয়ে দিতে চায় যে ‘জন নিরাপত্তার’ দোহাই দিয়ে স্বরাষ্ট্র মন্ত্রাণালয় এর আগে শেখ হাসিনাকে নিজের দেশে প্রত্যাবর্তন করতে দেয়নি এবং রাজনৈতিক দলগুলোকে জননিরাপত্তার জন্য

ভূমিকির অজুহাত দিয়েই এক এগারোর ঘটনার মাধ্যমে বেসামরিক লেবাসে সামরিক সরকার প্রতিষ্ঠা করা হয়েছিল।

13. *Allakvi* মনে করে হিয়বুত তাহ্রীর এর প্রধান সমষ্টিক এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের ব্যবসায় প্রশাসন ইনসিটিউটের (আইবিএ) সহযোগী অধ্যাপক মহিউদ্দিন আহমেদকে বাধ্যতামূলক ছুটি দেওয়া এবং কোন সুনির্দিষ্ট অভিযোগ ছাড়া তাঁর বাড়ি আইনশৃঙ্খলা বাহিনী কর্তৃক ঘিরে রেখে তাঁর নাগরিক এবং সাংবিধানিক অধিকার ক্ষুণ্ণ করা হচ্ছে। মানবাধিকার সংগঠন হিসেবে *Allakvi* অবিলম্বে এই ধরনের হয়রানি বন্ধের দাবি জানাচ্ছে।
14. মানবাধিকার সংগঠন হিসেবে *Allakvi* সরকারের এই সিদ্ধান্তের তীব্র নিন্দা জানাচ্ছে এবং আশংকা করছে যে, রাজনীতিতে সরকারের বর্তমান নীতি ও পদক্ষেপ রাজনৈতিক অসহিষ্ণুতা ও অস্থিরতা সৃষ্টি করবে।

i "ve tndvR‡Z msew` K lbh‡Zb

15. গত ২২ অক্টোবর দৈনিক নিউ এজ-এর স্টাফ রিপোর্টার এফ এম মাসুমকে যাত্রাবাড়ীর ভাড়া বাসা থেকে আটকের পর বেধড়ক পিটিয়ে আহত করেছে র্যাব সদস্যরা। র্যাব-১০ এর সদস্যরা সাদা পোষাকে যাত্রাবাড়ীতে মাসুম যে বাসায় ভাড়া থাকেন সেখানে গিয়ে দরজা খোলার জন্য ডাকাডাকি করতে থাকেন। দরজা খুলতে কিছুটা বিলম্ব হওয়ায় র্যাব কর্মকর্তা ফ্লাইট লেফটেন্যান্ট আনিসুর রহমানের নেতৃত্বে র্যাব সদস্যরা মাসুমকে পেটাতে থাকেন। মাসুম নিজেকে সাংবাদিক পরিচয় দিয়ে নির্যাতন বন্ধ করার অনুরোধ করলে র্যাব সদস্যরা আরও ক্ষিণ্ঠ হয়ে তাঁর হাত-পা বেঁধে আবারও নির্যাতন করে। পরে আহত অবস্থায় র্যাবের সদস্যরা মাসুমকে তুলে র্যাব-১০ কার্যালয়ে নিয়ে যান এবং একটি ছোট হাজতে আটকিয়ে রেখে পুনরায় নির্যাতন করে।
16. *Allakvi* এ ঘটনায় তীব্র নিন্দা ও ক্ষেত্র প্রকাশ করছে এবং দোষি ব্যক্তিদের গ্রেফতার করে বিচারের সম্মুখিন করার জন্য সরকারের প্রতি দাবি জানাচ্ছে।

wi gwfU wb‡q wbh‡Z‡bi NUbv Ae"nZ

17. ২১ আগস্ট গ্রেনেড হামলার ঘটনায় জড়িত থাকার অভিযোগে অভিযুক্ত গ্রেফতারকৃত আবদুস সালাম পিন্টুর আইনজীবী খোন্দকার মাহবুব হোসেন গত ১৩ অক্টোবর ২০০৯ হাইকোর্টে একটি আবেদন পেশ করে বলেন, ‘গত ৮ অক্টোবর হাইকোর্টে পিন্টুর জামিন আবেদনের শুনানির কথা ছিল। ওই দিন রাষ্ট্রপক্ষ থেকে সময় চাওয়া হলে শুনানি মুলতবি করা হয়। এ অবস্থায় গত ১১ অক্টোবর পিন্টুকে তিনদিনের রিমান্ডে নেওয়া হয়। রিমান্ডে নিয়ে নির্যাতন করে তার কাছ থেকে স্বীকারোক্তিমূলক জবানবন্দি আদায়ের চেষ্টা করা হয়েছে। জামিন আবেদন অকার্যকর করার জন্যই তাকে রিমান্ডে নেয়া হয়েছে। তিনি বলেন, হাইকোর্টে জামিন আবেদন নিস্পত্তির অপেক্ষায় থাকা অবস্থায় রিমান্ডে নেয়া আদালতের প্রতি অবমাননা।’^০

18. *Allakvi* মনে করে নির্যাতনের মাধ্যমে স্বীকারোক্তি আদায়ের কৌশল মানবাধিকার এবং ফৌজদারী আইনের চরম লঙ্ঘন। ১৯৯৮ সালের ৫ অক্টোবর নির্যাতন এবং অন্যান্য নিষ্ঠুর, অমানবিক অথবা মর্যাদাহানিকর আচরণ বা শাস্তির বিরুদ্ধে আন্তর্জাতিক সনদে বাংলাদেশ অনুস্বাক্ষর করলেও তা মান হচ্ছে না। এই সনদ অনুযায়ী কোন ব্যক্তিকে দৈহিক বা মানসিক নির্যাতন বা দুর্ভোগ এবং অন্যান্য নিষ্ঠুর, অমানবিক অথবা মর্যাদাহানিকর আচরণ বা শাস্তি প্রদান করা যাবে না। এছাড়া বাংলাদেশের সংবিধানের ৩৫(৫) অনুচ্ছেদেও একই কথা বলা হয়েছে।

19. নির্যাতনের মাধ্যমে স্বীকারোক্তি আদায়ে এ ধরনের কর্মকাণ্ড বন্ধের জন্য *Allakvi* সরকারের প্রতি দাবি জানাচ্ছে।

20. *Allakvi* নির্যাতনের মাধ্যমে আদায়কৃত স্বীকারোক্তিমূলক জবানবন্দি গ্রহণ করা থেকে বিরত থাকার জন্য ম্যাজিস্ট্রেট এবং বিচারকদের প্রতি আহবান জানাচ্ছে যখন এটি স্পষ্টভাবে প্রতীয়মান যে, অভিযুক্তকে রিমান্ডে নিয়ে নির্যাতন করা হয়েছে।

^০ সূত্র: মানবজমিন, ১৪ অক্টোবর ২০০৯

21. এছাড়া দণ্ডবিধির ৩৩০ এবং ৩৩১ ধারায় বলা আছে যে, বলপূর্বক অপরাধের স্বীকারোত্তি আদায়ের জন্য কাউকে স্বেচ্ছাকৃতভাবে আঘাত এবং গুরুতর আঘাত করা হলে সেটি শাস্তিযোগ্য অপরাধ হিসেবে বিবেচিত হবে এবং এ অপরাধের জন্য ১০ বৎসর পর্যন্ত কারাদণ্ড এবং জরিমানার বিধান রয়েছে।

met' #ni NUbvq Avf#h3 newWAvi m`m# i wePv#i i weI#q AvBbgSxi e3 te" AIIakvi DiOMæ

22. বিডিআর বিদ্রোহের ঘটনায় অভিযুক্তদের বিচার প্রক্রিয়া সম্পর্কে গত ২১ অক্টোবর আইনমন্ত্রী ব্যারিস্টার শফিক আহমেদ বলেছেন, ‘অভিযুক্ত বিডিআর সদস্যদের বিচারের আদালতে আত্মপক্ষ সমর্থনে নিজেরাই বক্তব্য তুলে ধরবেন; কোন আইনজীবী তাঁদের পক্ষে আদালতে কথা বলতে পারবেন না। তিনি আরো বলেছেন, আইনজীবীরা কেবল আত্মপক্ষ সমর্থনের ব্যাপারে অভিযুক্তদের পরামর্শ দিতে পারবেন।’⁸

23. *AIIakvi* মনে করে, কৌসুলির মাধ্যমে আত্মপক্ষ সমর্থনের সুযোগ না দেয়া হলে অভিযুক্তদের ন্যায়বিচার থেকে বঞ্চিত হওয়ার আশঙ্কা রয়েছে।

24. বাংলাদেশ রাইফেল্স অধ্যাদেশ ১৯৭২-এর ১০ (ক) (৩) অনুচ্ছেদ অনুযায়ী, এ অধ্যাদেশের আওতায় সংঘটিত কোন অপরাধের দায়ে অভিযুক্ত বিডিআর সদস্যদের বিচারের ক্ষেত্রে আত্মপক্ষ সমর্থনের জন্য তাঁদের পছন্দমতো আইনজীবীর নিকট থেকে সহায়তা নেয়ার অধিকার রয়েছে অর্থাৎ কৌসুলির মাধ্যমে আত্মপক্ষ সমর্থনের ক্ষেত্রে ১৯৭২ সালের বিডিআর অধ্যাদেশে কোন বাঁধা নেই।

25. বাংলাদেশ সংবিধানের ৩১ অনুচ্ছেদে বলা হয়েছে, রাষ্ট্রের প্রতিটি নাগরিকের সমানভাবে আইনের আশ্রয় লাভের অধিকার রয়েছে। বিদ্রোহের দায়ে অভিযুক্তদের আইনজীবী নিয়োগের মাধ্যমে আত্মপক্ষ সমর্থনের সুযোগ না দেয়া হলে সংবিধানের ৩১ অনুচ্ছেদের স্বীকৃত অধিকার থেকেও অভিযুক্তদের বঞ্চিত করা হবে বলে *AIIakvi* মনে করে।

j "y#UfCV÷ m`m# i I ci i vñiq wbcxob

26. বাংলাদেশের অভ্যন্তরীণ রাজনীতিতে হস্তক্ষেপ এবং কৃটনৈতিক শিষ্টাচার লজ্জন করে বাংলাদেশের পানিসম্পদ বিশেষজ্ঞ ও পরিবেশবাদীদের হেয় করে অশোভন মতব্য করার প্রতিবাদে ভারতীয় হাইকমিশনার পিনাকরঞ্জন চক্রবর্তীকে প্রত্যাহার করতে ভারত সরকারের কাছে দাবি জানিয়ে ভারতীয় হাইকমিশনের সামনে শাস্তিপূর্ণ বিক্ষেপ প্রদর্শনের পর সাংস্কৃতিক সংগঠন ল্যাম্পপোস্টের কর্মীরা এখন গ্রেফতার ও পুলিশি হয়রানির আশংকায় পালিয়ে বেড়াচ্ছেন। ল্যাম্পপোস্ট এর এক সদস্য *AIIakvi* কে জানিয়েছেন, তাঁরা ভীতসন্ত্বস্ত অবস্থায় দিন কাটাচ্ছেন। ল্যাম্পপোস্টকে সরকার কালো তালিকাভুক্ত করেছে এবং যে কোন সময় তাঁদের সংগঠনকে নির্বিদ্ধ ঘোষণা করা হতে পারে বলে তাঁরা আশংকা করছেন।

27. *AIIakvi* মনে করে রাষ্ট্রের যে কোন নাগরিকের সংগঠন করা এবং শাস্তিপূর্ণ উপায়ে তার কার্যক্রম পরিচালনা ও সরকারের সমালোচনা করার অধিকার রয়েছে। তাছাড়া প্রত্যেক নাগরিকের সভা সমাবেশ করার অধিকার রয়েছে যা সংবিধানের ৩৮ ও ৩৯ অনুচ্ছেদে স্পষ্ট বলা আছে। জাতীয় স্বার্থ সংরক্ষণ ও মর্যাদা রক্ষার প্রশ্নে যার যার রাজনৈতিক অবস্থান থেকে পরিচালিত নাগরিক প্রতিবাদ প্রকাশের নিয়মতান্ত্রিক পথরূপ করতে পুলিশি নির্যাতন, ভয়ভীতি প্রদর্শনের ঘটনা গণতান্ত্রিক ব্যবস্থার প্রতি মারাত্মক আস্থাহীনতা সৃষ্টি করতে পারে।

i vR%wZK O†Orqvg aI #Yi NUbv

28. গত ৩ অক্টোবর নারায়ণগঞ্জ জেলার ফতুল্লা এলাকার এক নববিবাহিত নারী তাঁর স্বামীকে নিয়ে পাগলার নূরবাগে গেলে স্থানীয় যুবলীগ কর্মী আবুল হক ওরফে হক্কার নেতৃত্বে শরীফ, আমজাদ, স্বপন, তাজুল ইসলাম, ওসমান মোল্লা ও সুমন তাঁকে তুলে নিকটবর্তী চান মিয়ার বাড়িতে নিয়ে গণধর্ষণ করে। পুলিশ এ ঘটনায় ৩ ধর্ষক আমজাদ, তাজুল ইসলাম, ওসমান মোল্লাকে গ্রেফতার করলেও মূল আসামী আবুল হক ওরফে হক্কাকে গ্রেফতার করেনি।

⁸ সুত্র: নিউ এইজ, ২৩ অক্টোবর ২০০৯

29. গত সেপ্টেম্বর মাসেও যশোর, পিরোজপুর এবং পটুয়াখালীতে রাজনৈতিক ছত্রছায়ায় ধর্ষণের ঘটনা ঘটে এর প্রতিবাদে *Allakvi* এর স্থানীয় মানবাধিকার কর্মীরা দোষী ব্যক্তিদের গ্রেফতার এবং বিচারের দাবিতে জেলা প্রশাসক, পুলিশ সুপার ও র্যাবের কাছে স্মারক লিপি পেশ করেন।
30. রাজনৈতিক ছত্রছায়ায় ধর্ষণের ঘটনা ঘটায় *Allakvi* গভীর উদ্বেগ প্রকাশ করছে।
31. ১ থেকে ৩১ অক্টোবর ২০০৯ পর্যন্ত মোট ৪৫ জন নারী ও মেয়ে শিশু ধর্ষণের শিকার হয়েছেন বলে জানা গেছে। এদের মধ্যে ২০ জন নারী এবং ২৫ জন মেয়ে শিশু। উক্ত ২০ জন নারীর মধ্যে ৫ জনকে ধর্ষণের পর হত্যা করা হয়েছে এবং ১৫ জন গণধর্ষণের শিকার হয়েছেন। ২৫ জন মেয়ে শিশুর মধ্যে ৪ জনকে ধর্ষণের পর হত্যা করা হয়েছে এবং ১১ জন গণধর্ষণের শিকার হয়েছেন।

Zix tci lK iki Kvi Lbv klgKf` i cwi -W

32. গত ২১ অক্টোবর মানিকগঞ্জ সদর উপজেলায় মুন্ড ফেরিকস নামের একটি পোশাক কারখানার শ্রমিকরা শ্রমিক ছাঁটাই বন্ধ, ছাঁটাইকৃত শ্রমিকদের তিন মাসের বেতনের দাবিতে এবং শ্রমিক নির্যাতনের প্রতিবাদে ঢাকা-আরিচা মহাসড়ক অবরোধ করে বিক্ষোভ করেন। এ সময় পুলিশ লাঠিচার্জ করে শ্রমিকদের ছত্রভঙ্গ করতে চাইলে শ্রমিকদের সঙ্গে পুলিশের সংঘর্ষ বাঁধে। সংঘর্ষে পুলিশ সহ ১০ জন আহত হন।
33. বিশ্ব অর্থনৈতিক মন্দ পরিস্থিতির দেহাই দিয়ে গত ৩১ অক্টোবর টঙ্গীতে তৈরি পোশাক শিল্প প্রতিষ্ঠান ‘নিপ্পন গার্মেন্টস’ ফ্যাক্টরি হঠাৎ করে বন্ধ ঘোষণা করায় শ্রমিকরা ক্ষুরু হয়ে রাস্তায় নেমে আসে। শ্রমিকদের তিন মাসের বকেয়া বেতন এবং ওভারটাইম ভাতার দাবিতে তাঁরা প্রতিবাদ মিছিল বের করলে এতে বাধা দেয় পুলিশ। এ সময় পুলিশ আন্দোলনরত গার্মেন্টস শ্রমিকদের ওপর গুলি ছুড়লে দুই জন নিহত এবং প্রায় শতাধিক আহত হন বলে অভিযোগ রয়েছে এবং এঁদের মধ্যে ১১ জনের অবস্থা গুরুতর বলে জানা গেছে। বিক্ষুরু শ্রমিকদের ছত্রভঙ্গ করতে পুলিশ রাবার বুলেট, কাঁদানো গ্যাস ও স্টগান ব্যবহার করে।
34. অক্টোবর মাসে তৈরী পোশাক শিল্প কারখানাগুলোতে অনেকগুলো শ্রমিক অসন্তোষের ঘটনা পরিলক্ষিত হয়েছে যার বেশিরভাগই ঘটে শ্রমিকদের ন্যায্য মজুরি ও বকেয়া বেতন-ভাতার দাবিতে।
35. যে সকল তৈরি পোশাক কারখানা ত্রিপক্ষীয় চুক্তি মানছে না এবং শ্রমিক অসন্তোষ জিইয়ে রাখছে *Allakvi* তাদের লাইসেন্স বাতিল করার জন্য জোরালো দাবি জানাচ্ছে।
36. *Allakvi* আন্দোলনরত শ্রমিকদের ওপর পুলিশি হামলার নিম্ন জানাচ্ছে।

Ab"vb" gvbewaKvi j sNb

i vR%WZK mlnsmZv Ae"vnZ

37. *Allakvi* এর তথ্য অনুযায়ী অক্টোবর মাসে রাজনৈতিক সহিংসতায় ১১ জন নিহত এবং ১৩৪৮ জন আহত হয়েছেন। চলতি মাসে আওয়ামী লীগের অভ্যন্তরীণ সংঘাতের ৬২ টি এবং বিএনপির ১০ টি ঘটনা রেকর্ড করা হয়েছে। এছাড়া আওয়ামী লীগের অভ্যন্তরীণ সংঘাতে ১ জন নিহত হয়েছেন ও ৫৭৭ জন আহত হয়েছেন। অন্যদিকে বিএনপির আভ্যন্তরীণ সংঘাতে ৬৮ জন আহত হয়েছেন।

fvi Z-evsj vt` k mxgvit`-mlnsmZv

38. *Allakvi* এর তথ্য অনুযায়ী অক্টোবর মাসে ভারতীয় সীমান্ত রক্ষীবাহিনী বিএসএফ কর্তৃক সীমান্তে বাংলাদেশীদের উপরে মানবাধিকার লজ্জনের ১০ টি ঘটনা ঘটেছে। এ সময়ে ৪ জন বাংলাদেশী বিএসএফ কর্তৃক নিহত ৬ জন আহত হয়েছেন বলে অভিযোগ রয়েছে।
39. গত ৪ অক্টোবর কুড়িগ্রাম জেলার রৌমারী সীমান্ত এলাকার ১০৬৩ ও ১০৬৪ নং পিলারের কাছে একটি পুরুরে ৮/১০ জন শিশু মাছ ধরছিল। এ সময় প্যাট্রোলরত বিএসএফ সদস্যরা কোন রকম উক্ষানী ছাড়াই শিশুদের ওপর গুলি বর্ষণ শুরু করলে রংমি আক্তার নামের ১০ বছরের এক শিশু গুলিবিদ্ধ হয়ে মারাত্মক আহত হয়।

40. *Aññakvi* উদ্বেগের সাথে লক্ষ্য করছে যে, সীমান্তে মানবাধিকার লঙ্ঘনের ঘটনাগুলো বার বার তুলে ধরা সত্ত্বেও এটি বন্ধ বা ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের অথবা তাদের পরিবারের সদস্যদের কোন ধরনের ক্ষতিপূরণ দেয়ার কোন লক্ষণ দেখা যাচ্ছে না।

Kvi Mviti gZi

41. অক্টোবর মাসে কারা হেফাজতে অসুস্থতাজনিত কারণে ১১ ব্যক্তি মৃত্যুবরণ করেছেন বলে জানা গেছে।

msev` gva`fgi - t̄akbZi


42. অক্টোবর মাসে সাংবাদিকরা বিভিন্নভাবে হয়রানির শিকার হয়েছেন। এ সময়ে ১ জন সাংবাদিক নিহত, ৯ জন সাংবাদিক আহত এবং ১২ জন হৃষকির সম্মুখীন এবং ১০ জন লাঞ্ছিত হয়েছেন।

th̄SZK m̄nsmZi

43. অক্টোবর মাসে ২৩ জন নারী যৌতুক সহিংসতার শিকার হয়েছেন। এঁদের মধ্যে ১৭ জনকে যৌতুকের কারণে হত্যা করা হয়েছে এবং ৫ জন বিভিন্নভাবে নির্যাতনের শিকার হয়েছেন বলে অভিযোগ রয়েছে। এ সময়ে ১ জন নারী যৌতুকের কারণে নির্যাতন সহ্য করতে না পেরে আত্মহত্যা করেছেন।

GwmW m̄nsmZi

44. অক্টোবর মাসে ৭ জন এসিডদণ্ড হয়েছেন। এঁদের মধ্যে ৫ জন নারী, ১ জন মেয়ে শিশু এবং ১ জন পুরুষ।



<i>Statistics of Human Rights violations 01 to 31 October 2009</i>	
Name of the violation	Number of violence
Extrajudicial killing	28
Killing by BSF	4
Political persons killed	11
Hindrance of Freedom of Press	35
Rape	45
Acid violence	7
Dowry violence	23

mcwii kqvj v :

45. বর্তমান সরকারের পূর্ববর্তী ঘোষণা অনুযায়ী বিচারবহুভূত হত্যাকাণ্ড বন্ধ করতে হবে সরকারের দায়িত্বশীল মন্ত্রীদের বিচারবহুভূত হত্যাকাণ্ডের পক্ষে বক্তব্য দেয়া বন্ধ করতে হবে এবং র্যাব এর ক্রসফায়ার এ নিহত কায়সার মাহমুদ বাঙ্গী হত্যাকাণ্ডের নিরপেক্ষ তদন্ত করে হত্যাকারীদের বিচারের সম্মুখীন করতে হবে।

46. কোন রাজনৈতিক দলকে তাদের মতাদর্শের জন্য নিষিদ্ধ ঘোষণা করা যাবে না।

47. রিমান্ডে এবং অন্তরীণ অবস্থায় জিজ্ঞাসাবাদকালে নির্যাতন বন্ধ করতে হবে।

48. ন্যায়বিচার ও অভিযুক্ত ব্যক্তির মানবাধিকার সম্মত রাখার স্বার্থে বিডিআর বিদ্রোহের ঘটনায় অভিযুক্তদের তাঁদের পছন্দের আইনজীবীর মাধ্যমে বক্তব্য উপস্থাপনের সুযোগ দিতে হবে।

49. নারী নির্যাতন বন্ধের লক্ষ্যে সরকারকে যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণ করতে হবে। অপরাধীকে আইনের আওতায় এনে বিচারের ব্যবস্থা করতে হবে এবং ভিকটিমকে যথোপযুক্ত সহায়তা প্রদান করার ক্ষেত্রে

সক্রিয় ভূমিকা পালন করতে হবে। নারায়ণগঞ্জের ফতুল্লায় গৃহবধুকে ধর্ষণের মূল আসামী যুবলীগ কর্মী আবুল হক ওরফে হক্কাকে অবিলম্বে গ্রেফতার করতে হবে।

50. রাজনৈতিক ছত্রছায়ায় থেকে নারীদের ওপর নিষ্ঠুর আচরণের সাথে জড়িদের বিরুদ্ধে যথোপযুক্ত বিচার ও শাস্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে। এতে অন্যান্য প্রভাবশালীরা সচেতন হবে এবং এ জাতীয় কর্মকাণ্ড থেকে বিরত থাকবে।

51. সরকারকে গণতান্ত্রিক অধিকার চর্চার পথকে সংকুচিত ও বাঁধাগ্রস্ত করা থেকে বিরত থেকে ভিন্নমতাদর্শের রাজনৈতিক কর্মীদের ওপর দমননীতি পরিহার করতে হবে।

52. তৈরী পোশাক কারখানার শ্রমিকদের নিয়মিত পাওনা পরিশোধ করতে হবে। তৈরী পোশাক কারখানার মালিকরা যাতে নিয়মিত শ্রমিকদের পাওনা পরিশোধ করে, বেতন বৃদ্ধির বিষয়গুলো বাস্তবায়ন করে এবং ত্রিপক্ষীয় চুক্তি বাস্তবায়িত করে সরকারকে এ বিষয়ে যথাযথ তদারকি করতে হবে।